



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address : Swairbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ০১ জুলাই ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অনি চাকমা আজ ০১ জুলাই ২০২০, বুধবার এক বিবৃতিতে জেলার পানছড়ি থেকে তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং তাদের নিঃশর্ত মুক্তির দাবি করেছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, মঙ্গলবার দিবাগত রাত আনুমানিক ৩টার দিকে সেনাবাহিনীর একটি দল পুজগাঙের বৈদ্যপাড়া থেকে তিন ইউপিডিএফ সদস্যকে কোন প্রকার ওয়ারেন্ট ছাড়াই ঘুম থেকে তুলে অন্যায়ভাবে গ্রেফতার করে নিয়ে যায়।

গ্রেফতারকৃতরা হলেন-১. প্রদীপ ময় চাকমা (৪৫), পিতা- মৃত হিরনুয় চাকমা, গ্রাম- যাদুগানালা, কিয়াংঘাট ইউপি, মহালছড়ি উপজেলা, ২. মনু চাকমা ওরফে সুশীল (৪৫), পিতা সারদা চাকমা, গ্রাম- বাবুরো পাড়া, উল্টাছড়ি ইউপি, পানছড়ি উপজেলা ও ৩. গুরি লাল চাকমা ওরফে কয়েন (৩৫), পিতা- সুখ্যা চাকমা, গ্রাম- অক্ষয় পাড়া, পানছড়ি উপজেলা।

বিবৃতিতে তিনি রাতের আঁধারে এ গ্রেফতারের ঘটনাকে মানবাধিকারের চরম লঙ্ঘন উল্লেখ করে বলেন, করোনা মহামারীর পরিস্থিতিতে যেখানে মানুষ আতঙ্কগ্রস্ত সেখানে পার্বত্য চট্টগ্রামে চলছে অন্যায় ধরপাকড় ও দমন-পীড়নের মহোৎসব। নিপীড়িত জনগণের ন্যায়সঙ্গত আন্দোলন স্তব্ধ করে দেয়ার লক্ষ্যে পরিকল্পিতভাবে ইউপিডিএফ নেতা-কর্মীদের অন্যায়ভাবে গ্রেফতার, নির্যাতন, খুন-গুমসহ নানা হয়রানি করা হচ্ছে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে গ্রেফতারকৃতদের নিঃশর্ত মুক্তি ও অন্যায় গ্রেফতার, নির্যাতনসহ মানবাধিকার লঙ্ঘন বন্ধের দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)।